

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৪৩২৩

৩১/ পার্থিব ভোগবিলাসের প্রতি অনাসক্তি (کتاب الزهد)

পরিচ্ছেদঃ ৩১/৩৮. জাহান্নামের বর্ণনা

بَاب صِفَةِ النَّارِ

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا عَبْدُ الرَّحِيمِ بْنُ سُلَيْمَانَ، عَنْ دَاؤُدَ بْنِ أَبِي هِنْد، حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ قَيْسٍ، قَالَ كُنْتُ عِنْدَ أَبِي بُرْدَةَ ذَاتَ لَيْلَةٍ فَدَخَلَ عَلَيْنَا الْحَارِثُ بْنُ أَقَيْشٍ فَحَدَّثَنَا الْحَارِثُ، لَيْلَتَئِذِ أَنَّ رَسُولَ اللَّهِ _ صلى الله عليه وسلم _ قَالَ " إِنَّ مِنْ أُمَّتِي مَنْ يَعْظُمُ لِلنَّارِ حَتَّى يَكُونَ أُمَّتِي مَنْ يَعْظُمُ لِلنَّارِ حَتَّى يَكُونَ أَمَّتِي مَنْ يَعْظُمُ لِلنَّارِ حَتَّى يَكُونَ أَمَّتِي مَنْ يَعْظُمُ لِلنَّارِ حَتَّى يَكُونَ أَحَدَ زَوَايَاهَا " .

বাংলা

৬/৪৩২৩। আবদুল্লাহ ইবনে কায়েস (রাঃ) বলেন, এক রাতে আমি আবূ বুরদা (রাঃ)-র নিকট উপস্থিত ছিলাম। ইত্যবসরে হারিস ইবনে উকাইস (রাঃ) আমাদের নিকট প্রবেশ করলেন। হারিস (রাঃ) সে রাতে আমাদের নিকট হাদীস বর্ণনা করেন যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আমার উম্মাতের মধ্যে এমন ব্যক্তিও হবে যার শাফা'আতে মুদার গোত্রের লোকসংখ্যার চেয়ে অধিক সংখ্যক লোক জান্নাতে প্রবেশ করবে। আবার আমার উম্মাতের মধ্যে এমন ব্যক্তিও হবে, যে জাহান্নামের জন্য এতো হুষ্টপুষ্ট হবে যে, এমনকি তার এক কোণা ভরে যাবে।

English

'Abdullah bin Oais said:

"I was with Abu Burdah one night, and Harith bin Uqaish entered upon us. Harith told us that night that the Messenger of Allah (ﷺ) said: 'Among my nation are some by whose intercession more (than the members of the tribe of) Mudar will enter Paradise, and among my nation are some who will be made huge for the Fire until they fill one of its corners.'"



ফুটনোট

আহমাদ ২২১৫৭। তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী আবদুল্লাহ বিন কায়স সম্পর্কে ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি মাজহুল বা অপরিচিত। ইবনু আসকীর আদ দিমাশকী বলেন, তিনি সালিহ। আলী ইবনুল মাদীনী বলেন, তিনি মাজহুল বা অপরিচিত। (তাহযীবুল কামালঃ রাবী নং ৩৪৯৫, ১৫/৪৫৯ নং পৃষ্ঠা)

উক্ত হাদিসটি সহীহ কিন্তু আবদুল্লাহ বিন কায়স এর কারণে সানাদটি দুর্বল। হাদিসটির ৮৯ টি শাহিদ হাদিস রয়েছে, ২ টি জাল, ৩২ টি খুবই দুর্বল, ২০ টি দুর্বল, ১৮ টি হাসান, ১৭ টি সহীহ হাদিস পাওয়া যায়। তন্মধ্যে উল্লেখযোগ্য হলঃ তিরমিযি ২৪৩৮, ২৪৩৯, দারিমী ২৮০৮, আহমাদ ১৫৪৩০, ১৫৪৩১, ১৭৪০২, ২১৭১১, ২১৭৪৬, ২১৭৯৩, ২১৮২৮, ২২৫৯৪।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন